

পাবলিক পরীক্ষা নকলমুক্ত করতে প্রধানমন্ত্রীর নির্দেশ

যুগান্তর রিপোর্ট

আগামী এসএসসি, এইচএসসি, দাখিলসহ সব পাবলিক পরীক্ষা সম্পূর্ণ নকলমুক্ত করতে প্রধানমন্ত্রী বেগম বলেদা জিয়া নির্দেশ দিয়েছেন। শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এছানুস হক মিলন প্রধানমন্ত্রীর নির্দেশ পাওয়ার পর জাতীয় সংসদের সদস্যদের

কাছে চিঠি দিয়েছেন নকল প্রতিরোধে সহযোগিতা চেয়ে। সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে।

চিঠিতে প্রতিমন্ত্রী প্রধানমন্ত্রীর নির্দেশের কথা উল্লেখ করে বলেছেন, আগামী ২৭ মার্চ থেকে ২০০৩ সালের এসএসসি ও দাখিল পরীক্ষা শুরু হবে। এর পরপরই শুরু হবে এইচএসসি পরীক্ষা। সব পাবলিক পরীক্ষাকে সম্পূর্ণরূপে নকলমুক্ত করতে প্রধানমন্ত্রী সুস্পষ্ট নির্দেশ প্রদান করেছেন। কোন অবস্থাতেই এর ব্যত্যয় ঘটানোর সুযোগ নেই। বরাবরের মতো এবারও প্রধানমন্ত্রী বিষয়টিকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করে যাচ্ছেন। তিনি বলেছেন, বিগত দিনগুলোতে নকলের দৌরাত্ম্য সীমাহীন পর্যায়ে পৌঁছেছিল। এতে জনগণের মধ্যে বড়মূল ধারণা হতে বসেছিল যে, আর কখনও পরীক্ষা থেকে দুর্নীতি ও নকলপ্রবণতার মতো অসাধুতা দূর করা যাবে না। এর ফলে শিক্ষার সব ক্ষেত্রে নেমে এসেছিল হতাশার কালো ছায়া।

শিক্ষা প্রতিমন্ত্রী গত বছরের

পরীক্ষা : প্রধানমন্ত্রী

(৩য় পৃষ্ঠার পর)

পরীক্ষাগুলোতে নকল প্রতিরোধে সহযোগিতার জন্য সব সংসদ সদস্যকে অভিনন্দন জানিয়ে এ বছরও সহযোগিতা চেয়েছেন। তিনি আশা প্রকাশ করেছেন, সব সংসদ সদস্যের সহযোগিতায় নকল নামক অভিশাপ থেকে শিক্ষা ব্যবস্থাকে মুক্ত করা যাবে।

এর আগে শিক্ষা প্রতিমন্ত্রী যুগান্তরের কাছে এক সাক্ষাৎকারে বলেছেন, এবার পরীক্ষাগুলোতে এমন কঠোর ব্যবস্থা নেয়া হবে যে, নকল করলে বা নকলে সহযোগিতা করলে মোফতার করে তোলে পাঠানো হবে। ছাত্র-ছাত্রী, শিক্ষক-অভিভাবক এবং রাজনীতিকসহ কাউকে ছাড়া হবে না।